## কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের অন্যান্য কার্যালয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদা

| প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/প্রত্যাশা | চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| ভূমি মন্ত্রণালয়/ জেলা/ উপজেলা প্রশাসন | [১.২] মৎস্য আবাসস্থল উন্নয়ন | [১.২.১] উন্নয়নকৃত এলাকা | অনাপত্তি সার্টিফিকেট | খাস জলাশয় ভূমি মন্ত্রণালয়ের অধীনে থাকায় জলাশয় উন্নয়ন ও মৎস্য অভয়াশ্রম প্রতিষ্ঠার জন্য ভূমি মন্ত্রণালয়/ জেলা প্রশাসক/ উপজেলা নির্বাহী অফিসারের অনাপত্তি সার্টিফিকেট প্রয়োজন | অনাপত্তি সার্টিফিকেট না পেলে প্রয়োজনীয় পরিমাণ মৎস্য আবাসস্থল উন্নয়ন, মৎস্য অভয়াশ্রম প্রতিষ্ঠা ও ব্যবস্থাপনা সম্ভব হবে না ফলে লক্ষ্যমাত্রা ১০০% অর্জিত হবে না। |
| | [১.১৪] মাছের অভয়াশ্রম ব্যবস্থাপনা | [১.১৪.১] ব্যবস্থাপনার আওতাধীন অভয়াশ্রম | | | |
| মন্ত্রী পরিষদ বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | [১.১৫] মৎস্যসম্পদ উন্নয়নে আইন বাস্তবায়ন | [১.১৫.১] পরিচালিত অভিযান | সহযোগিতা অব্যাহত থাকা অথবা বৃদ্ধি পাওয়া | প্রশাসন ও পুলিশ বিভাগের অংশগ্রহণ আবশ্যক। প্রশাসন ও পুলিশ বিভাগের প্রয়োজনীয় সহযোগিতা পাওয়া গেলে অধিক সংখ্যায় অভিযান পরিচালনা করা যাবে। | প্রশাসন ও পুলিশ বিভাগের কাঙ্ক্ষিত অংশগ্রহণ নিশ্চিত না হলে অভিযানের পরিমাণ হ্রাস পাবে। |
| | [২.৫] এফআইকিউসি আইন বাস্তবায়নে মোবাইল কোর্ট ও অভিযান পরিচালনা | [২.৫.১] পরিচালিত অভিযান | | | |
| বাণিজ্য মন্ত্রণালয় | [২.১] রপ্তানিতব্য মৎস্য ও মৎস্য পণ্যের কনসাইনমেন্ট পরিদর্শন | [২.১.১] পরিদর্শণকৃত কনসাইনমেন্ট | মৎস্য প্রক্রিয়াজাতকরণ কারখানার উৎপাদন ও রপ্তানি একই ধারায় অব্যাহত থাকা অথবা বৃদ্ধি পাওয়া | মৎস্য ও মৎস্যপণ্য রপ্তানির পূর্বে আইন-বিধি দ্বারা সরকার কর্তৃক নির্ধারিত উপায়ে মৎস্য ও মৎস্যপণ্যের নমুনা সংগ্রহ ও পরীক্ষণ করা আবশ্যক। রপ্তানির পরিমাণ বৃদ্ধি পেলে রপ্তানিতব্য মৎস্য ও মৎস্যপণ্যের নমুনা সংগ্রহ ও পরীক্ষণ এর পরিমাণও বৃদ্ধি পাবে। | মৎস্যপণ্য প্রক্রিয়াজাতকরণ কারখানার উৎপাদন ও রপ্তানি হ্রাস পেলে সংশ্লিষ্ট কেপিআই হ্রাস পাবে। |
| অর্থ মন্ত্রণালয় | [১.১৪] মাছের অভয়াশ্রম ব্যবস্থাপনা | [১.১৪.১] ব্যবস্থাপনার আওতাধীন অভয়াশ্রম | সঠিক সময়ে প্রয়োজনীয় বাজেট বরাদ্দ প্রদান | প্রয়োজনীয় বাজেট বরাদ্দ নিশ্চিত সাপেক্ষে অভয়াশ্রম স্থাপন ও ব্যবস্থাপনা করা সম্ভব হবে। ফলে বিলুপ্তপ্রায় মাছের প্রজাতির উৎপাদন বৃদ্ধি পাবে। | সঠিক সময়ে প্রয়োজনীয় বাজেট বরাদ্দ না পেলে অভয়াশ্রম স্থাপন ও ব্যবস্থাপনা করা সম্ভব হবে না। ফলে দেশীয় মাছের প্রজাতি বিলুপ্ত হবে। সামগ্রিকভাবে মাছের উৎপাদনে বিপয়য় দেখা দিবে। |
| অর্থ মন্ত্রণালয়/ নৌবাহিনী/কোস্টগার্ড/বাংলাদেশ পুলিশ/ নৌপুলিশ/ র‍্যাব/জেলা ও উপজেলা প্রশাসন | [১.১৫] মৎস্যসম্পদ উন্নয়নে আইন বাস্তবায়ন<br>[২.৫] এফআইকিউসি আইন বাস্তবায়নে মোবাইল কোর্ট ও অভিযান পরিচালনা | [১.১৫.১] পরিচালিত অভিযান<br>[২.৫.১] পরিচালিত অভিযান | সহযোগী সংস্থা থেকে প্রয়োজনীয় সাপোর্ট | জাটকা ও মা ইলিশ সংরক্ষণ তথা ইলিশ সম্পদের উন্নয়নের লক্ষ্যে সংশ্লিষ্ট এলাকায় এতদসংক্রান্ত মোবাইল কোর্ট ও অভিযান পরিচালনা করার প্রয়োজন হয়। এক্ষেত্রে মোবাইলকোর্ট পরিচালনায় নির্বাহী ম্যাজিস্ট্রেট ও অভিযান পরিচালনায় সংশ্লিষ্ট সংস্থাসমূহের সহযোগিতা প্রয়োজন হয়। | প্রয়োজনীয় বাজেট বরাদ্দ এবং প্রশাসন ও সংশ্লিষ্ট সংস্থাসমূহের কাঙ্ক্ষিত অংশগ্রহণ নিশ্চিত না হলে মোবাইল কোর্ট ও অভিযানের পরিমাণ হ্রাস পাবে। ফলে মনিটরিং ব্যবস্থা বিপয়য় এর মধ্যে পড়বে এবং জেলেরা অবাধে জাটকা ও মা ইলিশ ধরা অব্যাহত রাখবে। ফলে ইলিশ সম্পদ উন্নয়নে সরকারের বর্তমান সাফল্যের ওপর নেতিবাচক প্রভাব পড়বে। |